

## MODEL QUESTION

Class-XI : PHILOSOPHY : Annual Exam. : 2022-23 : Marks - 80

### I. শুদ্ধ উত্তরটি নির্ণয় কর :-

১×১০=১০

- ১। চার্বাক জ্ঞানবিদ্যার নাম হল –  
(ক) জড়বাদ (খ) দেহাত্মবাদ (গ) প্রত্যক্ষবাদ (ঘ) সুখবাদ
- ২। ‘প্রত্যক্ষই একমাত্র প্রমাণ’। – বলেছেন –  
(ক) চার্বাক (খ) বৌদ্ধ (গ) ন্যায় (ঘ) বৈশেষিক
- ৩। বৌদ্ধ দর্শনের প্রতিষ্ঠাতা হলেন –  
(ক) মহাবীর (খ) বুদ্ধদেব (গ) চার্বাক (ঘ) এদের কেউ নয়
- ৪। নীতিবিজ্ঞান আলোচনা করে –  
(ক) মানুষের আচরণ নিয়ে (খ) উদ্ভিদ জীবন নিয়ে  
(গ) সমাজ নিয়ে (ঘ) কোনটিই নয়
- ৫। নীতিবিজ্ঞান কোন্ শ্রেণির বিজ্ঞান ?  
(ক) বস্তুনিষ্ঠ বিজ্ঞান (খ) প্রাকৃতিক বিজ্ঞান (গ) আদর্শনিষ্ঠ বিজ্ঞান (ঘ) কোনটিই নয়
- ৬। পরিমাণ অনুসারে বচন কত প্রকার ?  
(ক) এক (খ) দুই (গ) তিন (ঘ) চার
- ৭। কোন্ বচনের দুটি পদ ব্যাপ্য হয় ?  
(ক) সামান্য সদর্থক (খ) সামান্য নঞর্থক (গ) বিশেষ সদর্থক (ঘ) বিশেষ নঞর্থক
- ৮। ভাষায় প্রকাশিত অনুমানকে কী বলে ?  
(ক) যুক্তি (খ) বচন (গ) অবধারণ (ঘ) পদ
- ৯। কোন্ যুক্তির সিদ্ধান্ত যুক্তিবাক্য থেকে অনিবার্যভাবে নিঃসৃত হয় ?  
(ক) আরোহ (খ) অবরোহ (গ) প্রাকল্পিক (ঘ) বৈকল্পিক
- ১০। বৈধতা কার ধর্ম ?  
(ক) বচনের (খ) যুক্তির (গ) বাক্যের (ঘ) চিন্তার

### II. অতি সংক্ষেপে উত্তর দাও :-

১×২০=২০

- ১১। কোন্ দর্শনকে লোকায়ত দর্শন বলা হয় ?
- ১২। চার্বাক জ্ঞানবিদ্যার নাম কী ?
- ১৩। চার্বাক মতে প্রমাণ কয়টি ?
- ১৪। চার্বাক দর্শনের প্রবক্তা কে ?
- ১৫। চার্বাকেরা কয়টি ভূত স্বীকার করেন ?
- ১৬। ‘প্রতীত্য’ কথাটির আক্ষরিক অর্থ কী ?
- ১৭। বৌদ্ধ আর্য্য সত্য কয়টি ?
- ১৮। অনৈচ্ছিক ক্রিয়া কত প্রকার ?
- ১৯। ‘Ethics’ শব্দের বাংলা প্রতিশব্দ কী ?
- ২০। ইংরেজী ‘Good’ শব্দটি কোন্ জার্মান শব্দ থেকে এসেছে ?
- ২১। কোন্ বিদ্যাকে বস্তুনিষ্ঠ বিজ্ঞান বলা হয় ?

[ Contd...P/2 ]

- ২২। বচনের কয়টি অংশ ?  
 ২৩। O বচনে কোন্ পদ ব্যাপ্য ?  
 ২৪। কোন্ জাতীয় ক্রিয়ার জন্য ব্যক্তিকে দায়ী করা হয় ?  
 ২৫। একটি নিরপেক্ষ বচনের উদাহরণ দাও ।  
 ২৬। সংযোজক সব সময় 'হওয়া' ক্রিয়ার কোন্ কালের রূপ হয় ?  
 ২৭। গুণ ও পরিমাণ অনুসারে বচন কত প্রকার ও কি কি ?  
 ২৮। সাপেক্ষ বচন কত প্রকার ?  
 ২৯। যুক্তির কয়টি অংশ ?  
 ৩০। 'সকল শিশু হয় সরল' – এটি কোন্ প্রকারের বচন ?

**III. প্রতিটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও :- [উর্ধ্ব শব্দসীমা ২০]**

২×৫=১০

- ৩১। চার্বাক মতে চৈতন্য কী ?  
 ৩২। চতুর্থ আর্য সত্য কী ?  
 ৩৩। বস্তুনিষ্ঠ বিজ্ঞান কাকে বলে ?  
 ৩৪। সামান্য বচন কাকে বলে ?  
 ৩৫। বাক্যকে বচনে রূপান্তরিত কর :-  
 (ক) সাদা হাতি আছে।  
 (খ) অধিকাংশ শিশুই চঞ্চল।

**IV. প্রতিটি প্রশ্নের উত্তর দাও :- (৬০টি শব্দের মধ্যে)**

৩×২=৬

- ৩৬। চার্বাক দর্শনকে জড়বাদী দর্শন বলা হয় কেন ?  
 ৩৭। বচন ও বচনাকারের মধ্যে পার্থক্য লিখ।

**V. প্রতিটি প্রশ্নের উত্তর দাও :- (আশিটি শব্দের মধ্যে)**

৪×৬=২৪

- ৩৮। চার্বাক মতে ভূতঃচৈতন্যবাদ ব্যাখ্যা কর।  
 ৩৯। বৌদ্ধ দর্শনে অষ্টাঙ্গিক মার্গ আলোচনা কর।  
 ৪০। নীতিবিদ্যার পরিধি আলোচনা কর।  
 ৪১। নৈতিক ও অনৈতিক ক্রিয়ার মধ্যে পার্থক্য লিখ।  
 ৪২। আরোহ যুক্তি ও অবরোহ যুক্তির মধ্যে চারটি পার্থক্য লিখ।  
 ৪৩। বচন কাকে বলে ? বচনের বিভিন্ন অংশগুলি উদাহরণসহ ব্যাখ্যা কর।

**VI. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :- (একশত কুড়ি শব্দের মধ্যে)**

৫×২=১০

- ৪৪। 'প্রত্যক্ষই একমাত্র প্রমাণ' – এই চার্বাক মতটি সবিচার ব্যাখ্যা কর।

অথবা,

বৌদ্ধ দর্শনের প্রথম ও তৃতীয় আর্যসত্য আলোচনা কর।

- ৪৫। পদের ব্যাপ্যতা বলতে কী বোঝ ? A.E.I. এবং O বচনে কোন্ কোন্ পদ ব্যাপ্য এবং কেন ?

অথবা,

গুণ ও পরিমাণ অনুসারে নিরপেক্ষ বচনের শ্রেণিবিন্যাস কর এবং প্রতিটির দৃষ্টান্ত দাও।